মেহেরপুর ডিবির জালে গাঁজা চাষী গাংনীর ভল্টা ও চলটা

গাঁজা গাছসহ মোঃ মোকাদ্দেস ওরফে ভল্টা (৪৫) নামের এক গাঁজা চাষীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ। আটক মোকাদ্দেস হোসেন গাংনী উপজেলার মাইলমারী গ্রামের মৃত জিহাদ আলীর ছেলে। ভল্টার সহযোগী ও সহোদর মোঃ আমানুল্লাহ ওরফে চলটা (৩৫) পলাতক।

আজ মঙ্গলবার (২৬ সেপ্টেম্বর) দুপুর সাড়ে তিনটার সময় মোকাদ্দেস ওরফে ভল্টার বাড়িতে অভিযান চালিয়ে গাঁজা গাছসহ তাকে আটক করে মেহেরপুর ডিবি পুলিশের একটি টিম। ডিবি সুত্রে জানা গেছে এসময় ১ টি গাঁজার কাঁচা গাছ জব্দ করা হয়। ডাল ও পাতাসহ কাঁচা অবস্থায় জব্দ করা গাঁজা গাছটির উচ্চতা সাড়ে ১২ ফুট এবং ওজন ৭ কেজি ২০ গ্রাম। যার আনুমানিক বাজার মূল্য প্রায় বাহাত্তর হাজার টাকা।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের অফিসার ইনচার্জ সাইফুল আলম বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে মোকাদ্দেস ওরফে ভল্টার বাড়িতে অভিযান চালানো হলে, বাড়ির দক্ষিণপাশে গিয়ে গাঁজা গাছটি দেখতে পেয়ে গাঁজা চাষী মোকাদ্দেস ওরফে ভল্টাকে আটক ও গাছটি জব্দ করা হয়। অভিযানের খবরে ভল্টার সহযোগী ও সহোদর চলটা আত্মগোপনে রয়েছে। এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দুইজনকে আসামি করে একটি মামলা দিয়ে তাকে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।’

আলমডাঙ্গায় ৮টি গাঁজার গাছসহ মাদক ব্যবসায়ী আটক

আলমডাঙ্গার বটিয়াপাড়া গ্রামে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরে অভিযান চালিয়ে ৮ টি গাঁজার গাছ সহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে।

বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) দুপুরে উপজেলার খাদেমপুর ইউনিয়নের

বটিয়াপাড়া এলাকার আনারুল সরদার (৫২) কে গ্রেফতার করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা শাখা সূত্রে জানা যায়, আলমডাঙ্গা উপজেলার খাদেমপুর ইউনিয়নের মৃত হারেজ সরদারের ছেলে আনারুল সরদার। সে দীর্ঘদিন যাবৎ নেশাজাতীয় দ্রব্য গাঁজা বিক্রয় ও চাষ করে আসছে। এলাকাজুড়ে মাদকের অভায়রণ্য সৃষ্টি করে। গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার দুপুরে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর অভিযান পরিচালনা করেন।

খাদেমপুর ইউনিয়নের বটিয়াপাড়া গ্রামের শিয়ালমারি ভায়া বটিয়াপাড়া বাইলি শিশির মাঠে নিজ জমির মধ্যে অবৈধভাবে গাঁজা চাষা করে। অভিযান চালিয়ে ৮ টি গাঁজা সহ গ্রেফতার করে গাঁজা চাষী আনারুলকে। গ্রেফতারকৃত আসামী আনারুলের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় একটি নিয়মিত মামলার অজু করা হয়।